গাংনীতে অনুমতিতে না নিয়ে পুকুর খনন ও জনদূর্ভোগ সৃষ্টির অভিযোগে দু’জনকে ৬৫ হাজার টাকা জরিমানা

জেলা প্রশাসকের অনুমতি ছাড়া পতিত পুকুর খুড়ে মাটি উত্তোলন করায় ও গ্রামীণ রাস্তায় মাটি ফেলে চলাচলের অনুপযোগী করে জনদুর্ভোগ সৃষ্টি করার দায়ে বালু ব্যবসায়ী ও ভাটা মালিককে ৬৫ হাজার টাকা অর্থদন্ড করেছে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ বুধবার (১২ জানুয়ারী) বিকালের দিকে গাংনী উপজেলার ধানখোলাতে এ অভিযান চালিয়ে অর্থদন্ড করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও নাজমুল আলম এ অর্থদন্ড করেন।

দণ্ডিতরা হলেন, ধানখোলা রাস্তার দোয়েল ব্রিকস এর সত্ত্বাধিকারী মোস্তাক আহমেদকে জেলা প্রশাসকের অনুমতি ব্যতীত পতিত পুকুর খুড়ে মাটি উত্তোলন করা ও গ্রামীণ রাস্তায় মাটি ফেলে চলাচলের অনুপযোগী করার দায়ে ৬০ হাজার টাকা ও ধানখোলা বাজারে রাস্তার উপর বালি রেখে জনদুর্ভোগ সৃষ্টি করায় বালু ব্যবসায়ী মোঃ জয়নাল আবেদিনকে ৫ হাজার টাকা জরিমানা করেন।

জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল আলম জানান, জনস্বার্থে এ অভিযান চালানো হয়েছে। আগামীতেও জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

গাংনীর আমিন ফুড ভিলেজ ও স্বাধীন ফুডে জরিমানা

হোটেলের ফ্রিজে সাজিয়ে রাখা বিভিন্ন প্রকার খাবার। ক্রেতাদের কাছে বিক্রি হচ্ছে দেদারসে। আস্থা আর বিশ্বাসে পালে ক্রেতারাও

কিনে নিয়ে যাচ্ছেন। তবে পচা আর বাসি খাবারের বিষয়টি ক্রেতাদের অগোচরে। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ভ্রাম্যমাণ অভিযানে উঠে এসেছে পচা-বাসি ও মেয়াদোত্তীর্ণ দই, মিস্টি, কোমল পানীয়, পাউরুটি, নুডুলসসহ বিভিন্ন খাবারের দৃশ্য।

মেহেরপুরের গাংনী শহরের আমিন ফুড ভিলেজ ও স্বাধীন ফুড কর্ণার অ্যান্ড মিষ্টান্ন ভান্ডারের খাবারের অনিয়মের চিত্র। ভোক্তা অধিকার সংক্ষণ আইনে দুই প্রতিষ্ঠান থেকে আদায় করা হয়েছে ১০ হাজার টাকা জরিমানা। একই সাথে ওই খাবারগুলো নষ্ট করে দেওয়া হয়েছে।
আজ বুধবার (১২ জানুয়ারী) দুপুরে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহম্মেদ এ ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করেন।

অভিযান সুত্রে জানা গেছে, গাংনী শহরের এই দুটি হোটেল দীর্ঘদিন ধরে ব্যবসা করে আসছে। স্থানীয়দের কাছে হোটেল দুটি বেশ জনপ্রিয়। ফলে পণ্য কেনার সময় তেমন কোন যাচাই বাছাই করেন না ক্রেতারা। এ সুযোগ কাজে লাগিয়ে হোটেল দুটি অনিয়ম করে যাচ্ছিল বলে মনে করছেন অভিযান সংশ্লিষ্ঠরা।

অভিযানের নেতৃত্বে থাকা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহম্মেদ বলেন, হোটেল দুটির মালিককে ভবিষ্যতের জন্য সতর্ক করা হয়েছে। আমরা নিয়মিত পর্যবেক্ষণ করবো। পুনরায় এরকম অনিয়ম পেলে আইনের কঠোর প্রয়োগ করা হবে।

ঝিনাইদহে করোনা আক্রান্তদের মধ্যে ওমিক্রনের লক্ষণ

ঝিনাইদহে গত ৩ দিনে ১৫ জন করোনায় রোগী শনাক্ত হয়েছে। আক্রান্তদের মধ্যে সকলেরই ওমিক্রনের লক্ষণ রয়েছে বলে জানিয়েছেন চিকিৎসকরা।
বর্তমানে ভাইরাসটিতে আক্রান্ত হয়ে এক জন সদর হাসপাতালে চিকিৎসা নিচ্ছে আর বাকিরা নিজ বাড়িতেই চিকিৎসাধনী।
ঝিনাইদহ সদর হাসপাতালের করোনা ইউনিটের প্রধান ও মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ জাকির হোসেন জানান, আক্রান্তদের মধ্যে একটি পরিবার

ভারত থেকে এসেছে এবং বাকিদের ঢাকা, খুলনা সহ বিভিন্ন স্থানে ভ্রমণের ইতিহাস রয়েছে।
এদের মধ্যে মৃদু জ্বর, মাথা ব্যাথা,গলা ব্যাথা রয়েছে। এতে আমরা ধারণা করছি এটি বাইরের দেশের যে সংক্রমণ সেটি আমাদের বাংলাদেশে ও ঝিনাইদহে এসে গেছে।
অর্থাৎ এটি ওমিক্রন হতে পারে বলে আমরা সন্দেহ করছি। আগের ধরনের মতোই একই চিকিৎসা চলছে আক্রান্তদের। এমন পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলারও পরামর্শ দেন তিনি।

কোটচাঁদপুর-মহেশপুর সড়কে দুর্ঘটনায় মোটরসাইকেল আরোহী প্রবাসীর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুর-মহেশপুর সড়কে আলমসাধু ও মোটরসাইকেল সংঘর্ষে মাহাতাব হোসেন (৩২) নামে এক কাতার প্রবাসী নিহত হয়েছে।

বুধবার সকালে মহেশপুর উপজেলার বড় খাঁনপুর বাজারের পার্শ্ববর্তী গোয়াতলি মাঠে এ দূর্ঘটনা ঘটে। এসময় ঈসরাফিল নামে এক মাদ্রাসা শিক্ষক গুরতর আহত হয়।

নিহতের প্রতিবেশিরা জানান, বুধবার সকালে আদমপুর থেকে প্রবাসী মাহাতাব ও মাদ্রাসা শিক্ষক ঈসরাফিল মোটরসাইকেল যোগে আদমপুর হাফেজী মাদ্রাসার ওয়াজ মাহফিলের ব্যানার আনতে পুড়াপাড়া বাজারে যাচ্ছিল। পথিমধ্যে বড় খাঁনপুর বাজার এলাকায় পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি কাঠ বোঝায় আলমসাধুর সঙ্গে সংঘর্ষ হয়। স্থানীয়রা তাদের কে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মাহাতাব কে মৃত ঘোষণা করেন। এঘটনায় গুরতার আহত মাদ্রাসা শিক্ষক ইসরাফিলকে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক জানান, হাসতপাতালে আসার আগেই মাহাতাব মারা যায়। নিহত মাহাতাব মহেশপুর উপজেলার আদমপুর গ্রামের আইনাল হকের ছেলে। প্রবাসী মাহাতাব গত দুই

মাস পূর্বে কাতার থেকে দেশে এসে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। গুরতার আহত মাদ্রাসা শিক্ষক ইসরাফিল একই উপজেলার মান্দার বাড়িয়া গ্রামের ফুলজার আলীর ছেলে।

ঝিনাইদহে শিক্ষকদের অনিয়মের প্রতিবাদে শিক্ষার্থীদের সড়ক অবরোধ

শিক্ষকদের নানা অনিয়ম ও দুর্নীতির প্রতিবাদ ও প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের দাবিতে ঝিনাইদহে সড়ক অবরোধ করেছে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের শিক্ষার্থীরা।

বুধবার বেলা ১১ টা থেকে ১২ টা পর্যন্ত প্রতিষ্ঠানের সামনে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়ক অবরোধ করে তারা। এসময় বন্ধ হয়ে যায় ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কে যান চলাচল। ভোগান্তীতে পড়ে সড়কে চলাচলকারীরা। অবরোধ চলাকালে ওই প্রতিষ্ঠানে বিভিন্ন বর্ষের শিক্ষার্থীর নানা শ্লোগান দিতে থাকে।

অবরোধ চলাকালীন সময়ে এক শিক্ষার্থী বলেন, ঝিনাইদহ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের শিক্ষকরা শিক্ষার্থীদের সাথে নানা অনিয়ম করে আসছে। ব্যবহারিক ক্লাস ও পরীক্ষা সঠিক ভাবে দিলেও শিক্ষকরা তাদের নম্বর কম দিচ্ছে। প্রতিবাদ করা হলে টিসি দিয়ে অন্য প্রতিষ্ঠানে পাঠিয়ে দেওয়া হয়েছে অনেককে। শিক্ষকরা ব্যবহারিক ক্লাসের নামে মাঠে কাজ করান। আমাদের ঠিকমত ক্লাস নেন না। দেশের অন্য এটিআই থেকে আমাদের এটিআইতে ভর্তির জন্য ৭০০ টাকা বেশি নেওয়া হয়। এসব অনিয়মের মুল হোতা প্রতিষ্ঠানের অধ্যক্ষ। পরে পুলিশ ও প্রতিষ্ঠান কর্তৃপক্ষ দাবী মানার আশ্বাস দিয়ে শিক্ষার্থীরা অবরোধ তুলে দেয়।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, কিছু দাবী নিয়ে শিক্ষার্থীরা সড়ক অবরোধ করেছিল। কর্তৃপক্ষ সমস্যার সমাধান করে দিবে এমন আশ্বাসে তারা অবরোধ তুলে নেয়।

এ ব্যাপারে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যক্ষ দেবানন্দ বিশ্বাস’র সাথে কথা বলতে গেলে তিনি বলেন, ব্যস্ত আছি পরে কথা হবে।

চুয়াডাঙ্গায় বিয়ের এক সপ্তাহের মাথায় নববধুর আত্মহত্যা

চুয়াডাঙ্গা পৌর শহরে বিয়ের এক সপ্তাহের মাথায় গলায় ফাঁস দিয়ে শ্রাবণী আক্তার লাবণী (১৯) নামে এক তরুণী আত্মহত্যা করেছেন।
আজ বুধবার (১২ জানুয়ারি) সকাল ৯টার দিকে তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হলে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণ করেন। শ্রাবণী আক্তার লাবণী চুয়াডাঙ্গা পৌর এলাকার নতুন বাজার ইসহাক আলীর মেয়ে।শ্রাবণীর ছোট চাচা মুক্ত আহমেদ সাংবাদিকদের বলেন, এক সপ্তাহ আগে পারিবারিকভাবে কুষ্টিয়ার হালসা গ্রামের আলিমুজ্জামানের ছেলে সোহানুজ্জামান সোহানের সঙ্গে শ্রাবণীর বিয়ে হয়। এখন জানতে পারছি শ্রাবণীর সঙ্গে কোনো এক ছেলের প্রেমের সম্পর্ক ছিল। এ কারণে বিয়ের একদিনের মাথায় সে বাবার বাড়িতে চলে আসে। এ নিয়ে বাবা-মায়ের সঙ্গে গণ্ডগোল হতে থাকে। বুধবার সকালে বাবার বাড়িতে তাকে সিলিং ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় দেখতে পান পরিবারের সদস্যরা। পরে শ্রাবণীকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সোহানা আহম্মেদ ঢাকা পোস্টকে বলেন, পরীক্ষা-নিরীক্ষার পর শ্রাবণীকে মৃত ঘোষণা করা হয়েছে। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মহসিন বলেন, বিয়ের আগে প্রেমের সম্পর্ক ছিল মেয়েটির। এ কারণে একদিন সংসার করে বাবার বাড়িতে এসে আত্মহত্যা করেছে। কোনো অভিযোগ না থাকায় সুরতহাল প্রতিবেদন শেষে তার মরদেহ পরিবারের নিকট হস্তান্তর করা হবে। এ ঘটনায় সদর থানায় একটি অপমৃত্যু মামলা

মেহেরপুরে ইট ভাটায় মাটি বহনের ফলে বিভিন্ন রাস্তা এখন মরণ ফাঁদ

ইটভাটায় মাটি বহনকারি ট্রলির ফেলে দেয়া মাটি রাস্তায় পড়ে চলাচলের অযোগ্য হয়ে মরণ ফাঁদে পরিনত হয়েছে মেহেরপুরের বিভিন্ন এলাকার গুরুত্বপুর্ণ রাস্তা। একদিনের গুড়িগুড়ি বৃষ্টির পানিতে রাস্তাগুলি পরিনত হয়েছে মরণ ফাঁদে।

বুধবার সকাল থেকেই বিভিন্ন এলাকা থেকে কাদামাটির রাস্তার ছবি তুলে ফেসবুকে পোস্ট দিচ্ছেন পখচারিরা। পথচারিদের অভিযোগ কৃষি জমির মাটি কেটে ভাটাই বিক্রি করার ধুম চলছে। সেই মাটি বহনের সময় জনগুরুত্বপুর্ণ রাস্তায় মাটি পড়লেও পরিস্কার করেনি ভাটামালিক কিংবা ট্রলি চালকেরা। এর খেসারত দিতে হচ্ছে পথচারিদের। অনেকেই সাইকেল ও মটরসাইকেল চালিয়ে যেতে গিয়ে সড়ক দুর্ঘটনার শিকার হয়েছেন। প্রশাসনকে জানানো হলেও কোন ব্যবস্থা নিচ্ছেন না বলেও ভুক্তভোগীদের অভিযোগ। তবে প্রশাসন বলছে বিষয়টি সম্পর্কে আমরা বিভিন্নভাবে অবগত হয়েছি দ্রত ব্যবস্থা নেয়া হচ্ছে।

জানাগেছে, মেহেরপুর জেলায় তিন উপজেলায় ১০৩ টি ইটভাটা রয়েছে। এসকল ইটভাটা শীতের শুরুতেই মাটি কেনা শুরু করেছে। জেলার বিভিন্ন এলাকার কৃষি জমির উপরের (টপ সয়েল)কেটে বিক্রি করা হচ্ছে। সকাল থেকে সন্ধা পর্যন্ত স্কেবিটর মেশিন দিয়ে মাটিকাটা হয়। উক্ত মাটি ট্রলি দিয়ে ভাটায় বহন করে নিয়ে যায় ট্রলি চালকেরা। মাটি বহনের সময় ট্রলিরমাটি রাস্তায় পড়ে। গত মঙ্গলবার রাত থেকে শুরু হয় গুড়িগুড়ি বৃষ্টি। বৃষ্টির পানিতে পাকা রাস্তাগুলি পিচ্ছিল হয়ে মরন ফাঁদে পরিনত হয়।

মেহেরপুর সদর উপজেলার শ্যামপর গ্রামের শাকিল আহম্দে জানায়, শ্যামপুর কালিগাংনী মাঠের মধ্যে একসপ্তাহ যাবত পুকুর খননের কাজ

করছে মাটি বিক্রেতারা। পুকুর খননের জন্য কোন অনুমোতি নেয়া হয়নি। সেই পুকুরের মাটি বিক্রি হচ্ছে গাংনী উপজেলার কুলবাড়িয়া গ্রামের নাজমুল ইসলামের মা ইট ভাটায়।

শ্যামপুর থেকে নওয়াপাড়া- কুলবাড়িয়া রাস্তাটি এখন মরণ ফাঁদ। তিনি তার ফেসবুক ওয়ালে রাস্তায় কাদামাটির একটি ছবিও পোস্ট করে প্রশাসনেক নজরে নিতে অনুরোধ করেছেন। তার দাবী গত বছরে শ্যামপুর কালিগাংনী মধ্যবর্তী স্থানে একই সাথে ৩টি পুকুর খননের ফলে এমন দুর্ভোগে পড়েছিল স্থানীয়সহ পথচারিরা। এবার শীতের শুরু থেকেই পুকুর খনন কাজ শুরু হয়েছে। যার কোনো অনুমোদন নেয়া হয়নি। মুজিবনগর এলাকার চিত্র এমনই। গাংনী উপজেলার কুষ্টিয়া প্রধান সড়কের আকুবপুর এলাকায় রাস্তায় কাদামাটিতে যানচলাচন অযোগ্য হয়ে পড়েছে।

পথচারিদের সাথে কথা হলে গাংনীর ইদ্রিস আলী জানায়, আমি সকালে মোটরসাইকেল নিয়ে কুষ্টিয়াই রোগী দেখতে যাচ্ছিলাম। আকুবপুরের কাছাকাছি পৌছালে পিচ্ছিল রাস্তায় মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রক্তাক্ত জখম হয়ে কুষ্টিয়াতে যেতে হয়েছে। ধানখোলা রাস্তায় পিচের রাস্তার ওপর কাদা পড়লে তার ওপর রাবিশ দেয়া হয়। তার ওপর আবারও কাদাপড়ে চলাচলের অযোগ্য হয়ে পড়ে।

ধানখোলা গ্রামের রবিন আলী জানায়, গাংনী থেকে ধানখোলা রাস্তায় অন্তত তিনটা ভাটা রয়েছে। ভাটাগুলি বিভিন্ন এলাকা থেকে মাটি বহন করে নিয়ে আসছে। একবার অভিযোগ করা হলে কাদা পরিস্কার না করেই কাদার ওপর রাবিশ ফেলে কাদা ঢেকে দেয়া হয়েছিল। তার ওপর আবারো কাদা পড়ে । গতকালের বৃষ্টিতে আবারও এই জনগুরুত্বপূর্ণ রাস্তাটি চলাচলের জন্য বিপদের হয়ে দাঁড়িয়েছে। তিনি বলেন গাংনীর এক একটি রাস্তা যেন মরণ ফাঁদ।

বিভিন্ন এলাকার শতশত পথচারিদের অভিযোগ অন্ত নেই। তাদের দাবী জনগুরুত্ব পূর্ণ রাস্তায় মাটি বহন বন্ধ না হলে অনেকেই প্রাণ হারাবেন।

ইটভাটা মালিক শান্ত জানায় আমরা মাটি বহনের সাথে সাথে রাস্তা পরিস্কার করে রাখি। কিন্তু গ্রাম অঞ্চলের অনেক ভাটা মালিকেরা গুরুত্ব দেয়না। তাদের জন্য আমাদের বদনাম। গাংনী ইটভাটা মালিক সমিতির নেতা মনিরুজ্জামান আতু বলেন, আমরা বিষয়টি দেখেছি এবং প্রতিটি ইটভাটা মালিককে তাদের স্ব-স্ব এলাকার রাস্তা পরিস্কারের

নির্দেশ দিয়েছি। যারা করবে না তাদের বিরুদ্ধে প্রশাসন আইনগত ব্যাবস্থা নিবেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম বলেন, অনেকেই আমাকে ফোন করেছিলেন। ভাটা মালিক সমিতির নেতাদের দায়িত্ব দেয়া হয়েছে। দ্রত সময়ের মধ্যে রাস্তা পরিস্কার করার জন্য। যদি না করে তবে তাদের বিরুদ্ধে আইনগত ব্যাবস্থা নেয়া হবে।

মেহেরপুর জেলা প্রশাসক ড.মুনসুর আলম খান কে জনদুর্ভোগের বিষয়ে করনীয় সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, আমরা অনেকটা নিয়ন্ত্রনে আনার চেষ্টা করছি।

মির্জা ফখরুল ও তাঁর স্ত্রী করোনা আক্রান্ত

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও তাঁর স্ত্রী রাহাত আরা করোনায় আক্রান্ত হয়েছেন।

আজ মঙ্গলবার (১১ জানুয়ারি) বিএনপির চেয়ারপারসনের মিডিয়া উইং সদস্য শায়রুল কবির খান গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন।

শায়রুল কবির খান বলেন, আজ মঙ্গলবার মির্জা ফখরুল ইসলাম আলমগীর করোনায় আক্রান্ত হন। আগের দিন সোমবার তার স্ত্রী রাহাত আরা আক্রান্ত হন। চিকিৎসকের পরামর্শে তারা দুই জন বাসাতেই রয়েছেন বলেন শায়রুল কবির খান।

ওমিক্রন ঠেকাতে সার্জিক্যাল মাস্কের কার্যকারিতা বেশি !

করোনা থেকে সুরক্ষিত থাকতে হলে অবশ্যই কাপড়ের মাস্ক পরা বাদ দিতে হবে। ২০২২ সালে এসে গবেষকরা এমন কথায় বলছেন। তারা বলছেন, করোনার নতুন ভ্যারিয়েন্টকে মোকাবেলা করতে সক্ষম না কাপড়ের মাস্ক।

মার্কিন স্বাস্থ্যসেবা সংস্থা এসএসএমের ডঃ ডেভিড ওটেনবেকার গণমাধ্যমকে বলেন, আমরা সবাইকে কাপড়ের মাস্ক ব্যবহারের প্রতি নিরুৎসাহিত করছি কারণে আগের তুলনায় করোনা সম্পর্কে এখন আমরা অনেক কিছু জানতে পেরেছি। ওটেনবেকার ও অনেক বিশেষজ্ঞরা বলছেন, অনেক তথ্য আছে যার মাধ্যমে বোঝা যায় করোনার নতুন ভ্যারিয়েন্টকে মোকাবেলা করতে সক্ষম না কাপড়ের মাস্ক।

গবেষকর দাবি করছেন, কাপড়ের মাস্ক সার্জিকাল মাস্কের তুলনায় কম কার্যকর। এজন্য সবাইকে কাপড়ের মাস্ক বাদ দিয়ে সার্জিকাল মাস্ক ব্যবহারের প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে।

যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ার সিভিল অ্যান্ড এনভায়রমেন্টাল ইঞ্জিনিয়ারিং এর ড. লিন্ডসে মার বলছেন, কাপড়ের মাস্ক করোনার অন্যান্য ধরণ থেকে সুরক্ষা দিলেও ওমিক্রনের বিরুদ্ধে কার্যকর না। তিনি বলেন, কাপড়ের মাস্ক ৫০ শতাংশ কার্যকর এবং তা আগে ঠিক থাকলেও ওমিক্রনের জন্য কার্যকর না। সেক্ষেত্রে এন নাইন্টি ফাইভ মাস্ক ৯৫ শতাংশ পর্যন্ত সুরক্ষা দিতে পারে। এছাড়া কেএননাইন্টিফাইভ এবং কেএননাইন্টিফোর মাস্কও কার্যকর। এ সব মাস্কগুলোই ওমিক্রন থেকে সুরক্ষা দিতে পারে। তবে মাস্ক যেনো ভালোভাবে পরা হয় সে বিষয়েও নির্দেশনা দেওয়া হয়েছে। নাকের উপরে যেনো মাস্ক লেগে থাকে তা খেয়াল রাখতে হবে।

দ্যা সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল এন্ড প্রিভেনশন সেন্টারের মতে সুরক্ষার জন্য ভালো হলেও ওমিক্রন থেকে সুস্থ থাকতে সবাইকে এননাইন্টিফাইভ মাস্ক ব্যবহার করা উচিত। বিশেষ করে স্বাস্থ্যসেবার সাথে যারা জড়িত তাদের এননাইন্টিফাইভ মাস্ক ব্যবহারের প্রতি বেশি জোর দেওয়া হয়েছে।

সূত্র: কালের কণ্ঠ অনলাইন

[redacted]

[redacted]

আগাম ভিসা ছাড়াই ৮৮টি দেশে ভ্রমণ করতে পারবেন। ১৭ বছর ধরে এই সূচক প্রকাশ করে আসছে দ্য হেনলি অ্যান্ড পার্টনারস। তিন মাস পর পর এ সূচক প্রকাশ করা হয়।